ঝিনাইদহে অংকুর নাট্য একাডেমীর ঈদ সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে অস্বচ্ছল পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। রবিবার সকালে শহরের কুইন ফ্রেশ ক্যাফে রেস্টুরেন্টে এ খাদ্য সামগ্রী বিতরণ করে অংকুর নাট্য একাডেমী।

অংকুর নাট্য একাডেমীর আজীবন সদস্য হায়দার আলী’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ।

অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াসের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন হাটগোপালপুর আরটি কলেজের প্রভাষক সাইফুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সাংস্কৃতিক সম্পাদক রোকনুজ্জামান মিলন, জহুরুল ইসলাম জহির, অংকুরের আজীবন সদস্য জামাল হোসেন, মিলন হোসেন, আব্দুস সামাদ শফি, মীর আব্দুল মান্নানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পরে শহরের বিভিন্ন এলাকা অর্ধ-শত পরিবারের মাঝে চাল, ডাল, তেল, সেমাই, চিনি, সাবান শ্যাম্পুসহ ঈদ সামগ্রী বিতরণ করা হয়। ঈদ উপহার পেয়ে খুশি হতদরিদ্র মানুষগুলো।

দামুড়হুদায় বন্ধুত্বের বন্ধন সংগঠনের পক্ষে থেকে ঈদ সামগ্রী বিতরণ

দামুড়হুদায় বন্ধুত্বের বন্ধন এসোসিয়েশন’র পক্ষ থেকে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল প্রাঙ্গনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। দামুড়হুদা সরকারি পাইলট

হাই স্কুলের এসএসসি ৯২ ব্যাচের আয়োজনে সংগঠনটির সভাপতি যুবলীগনেতা আব্দুল হালিম ভুট্টুর সভাপতিত্বে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রোকসানা মিতা।

সংগঠনের সদস্য সচিব এনটিভির সাংবাদিক মো: নাসির উদ্দীনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো নজরুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী প্রমূখ। আগামী পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দামুড়হুদা উপজেলার বিভিন্ন গ্রামের ১২০ জন নারী, পুরুষকে ঈদ সামগ্রী ও ৯২ এসএসসি ব্যাচের ১০জনের পরিবারকে নগদ অর্থ সহায়তা দেয়া হয়। অনুষ্ঠানে সহযোগিতা করেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের ৯২ এসএসসি ব্যাচের আব্দুল খালেক, আব্দুল মোমিন, একরামুল হক, মাহাফুজুর রহমান বেল্টু, আশাদুর রহমান বাদশা, নাসির উদ্দীন, দৈনিক মাথাভাঙ্গার সিনিয়র সাংবাদিক তাছির আহমেদ ও শফিকুল ইসলাম কেবলা প্রমুখ।

ঝিনাইদহে লেডিস ক্লাবের পক্ষ থেকে ঈদ সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহে অসহায় দুস্থদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে লেডিস ক্লাবের পক্ষ থেকে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও লেডিস ক্লাবের সাধারণ সম্পাদক সাদিয়া জেরিন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লেডিস ক্লাবের সভাপতি ও জেলা প্রশাসক পত্নী শারমিন আক্তার।

বিশেষ অতিথি ছিলেন লেডিস ক্লাবের সহ-সভাপতি পুলিশ সুপার পত্নী জিনিয়া রহমান, সামন্তী পাল, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমি, নির্বাহী ম্যাজিস্ট্রেট লায়লা ইয়াসমিন।

সেসময় শহরের বিভিন্ন এলাকার ২০০ অসহায় দুস্থ নারী ও পুরুষদের মাঝে সেমাই, চিনি, গুড়োদুধ, তেল, পোলাও চালসহ বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। ঈদ সামগ্রী পেয়ে খুশি হতদরিদ্র মানুষগুলো।

দামুড়হুদা মুক্তারপুরে এমপির তহবিল থেকে ঈদ সামগ্রী বিতরণ

দামুড়হুদা মুক্তারপুরে চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সাবেক হুইপ বীরমুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার (সেলুন) এর ব্যক্তিগত তহবিল থেকে দুঃস্হদের মাঝে ঈদসামগ্রী বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টায় দামুড়হুদা সদর ইউনিয়নের মোক্তারপুর ৮ নং ওয়ার্ডে অসহায় দুঃস্থদের মাঝে এসব ঈদসামগ্রী বিতরণ করা হয়।

ঈদসামগ্রী বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক ছাত্র নেতা ও উপজেলা যুবলীগ নেতা শেখ হাফিজুর শামসের। বিশেষ অতিথি ছিলেন মোক্তারপুর গ্রামের প্রবীণ আওয়ামী লীগ নেতা আঃ মান্নান, বীর মুক্তিযোদ্ধা আনছার আলী, সাবেক ছাত্র নেতা ও সাংবাদিক শেখ হাতেম, আওয়ামী লীগ নেতা জিবরাঈল হোসেনসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

এসময় জেলা আওয়ামীলীগের সভাপতি ও সাবেক হুইপ জননেতা সোলাইমান হক জোয়ার্দার সেলুন এমপি মহোদয় এর পক্ষ থেকে সদর ইউনিয়নের মোক্তারপুর গ্রামের অসহায় দুঃস্থ মানুষের জন্য ৫০০ পেকেট ঈদসামগ্রী উপহার প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে শেখ হাফিজুর শামসের বলেন- বর্তমান উন্নয়নমুখী সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সাধারণ খেঁটে খাওয়া মানুষ যাতে আনন্দ চিত্তে পবিত্র ঈদুল ফিতর পালন করতে পারে সে জন্য তিনি আন্তরিক এবং দলীয় নেতাকর্মীদের দিকনির্দেশনা দিয়েছেন। তারই ধারাবাহিকতায় জননেতা সেলুন জোয়ার্দার এমপি মহোদয় নিজস্ব তহবিল হতে এ সামান্য ঈদ উপহার দিয়েছেন আপনারা তা সাদরে গ্রহণ করুন এবং বাংলাদেশ আওয়ামী যুবলীগ দামুড়হুদা উপজেলা শাখার পক্ষ থেকে আপনাদের জানাই পবিত্র ঈদুল

ফিতরের শুভেচ্ছা।

চুয়াডাঙ্গা ২ আসনে যিনিই নৌকার মাঝি হবেন আমরা ঐক্য বদ্ধ ভাবে তিনাকে (নৌকাকে) বিজয় করবো ইন্নশাল্লাহ্। ঈদসামগ্রী বিতরণী অনুষ্ঠানে সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন যুবলীগ নেতা মোঃ মিনারুল ইসলাম।

মুজিবনগরের সরকারি শিশু পরিবারে ঈদ সামগ্রী বিতরণ ও ইফতার মাহফিল

মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) নিবাসীদের ঈদ সামগ্রী বিতরণ ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে শিশু পরিবার মিলনায়তনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) এর আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

এসময় জেলা প্রশাসক শিশুদের সাথে কথা বলেন, তাদের খোঁজখবর নেন এবং শিশুদেরকে আত্মবিশ্বাস ও আত্মপ্রত্যয় নিয়ে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখান। তিনি তার দু’সন্তানকে নিয়ে শিশুদের সাথে ইফতার করেন ও ঈদ উপহার সামগ্রী তুলে দেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, জেলা সমাজসেবা অধিদপ্তরেরর উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) নিবাসের কর্মকর্তাগণ ও শিশু পরিবারের সকল সদস্যরা ।